DEC. 3 2000

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৬ ....

ভোরের কাগজ

# সপ্তম ঢাকা বইমেলার উদ্বোধন আজ

কাগজ প্রতিবেদক : আজ ৩ ডিসেম্বর থেকে শুরু হচ্ছে সপ্তম ঢাকা বইমেলা। মোহাম্মদপুরের শারীরিক শিক্ষা কলেজ মাঠে (সাত মসজিদ রোড) আজ রোববার বিকাল ৪টায় বইমেলার উদ্বোধন করবেন অর্থমন্ত্রী এস এ এম এস কিবরিয়া।

এবারের মেলার স্লোগান 'মাতৃভাষা বিকাশের জন্য বই'। ঢাকা বইমেলা উপলক্ষে এক বাণীতে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বলেছেন, 'সভ্যতার ক্রমবিকাশে মানুষের মৌলিক চিন্তনের ক্ষেত্রে বইয়ের গুরুত্ব অপরিহার্য। সাংস্কৃতিক ঐতিহ্যের বিকাশ তথা জ্ঞানচর্চার নানা ক্ষেত্রে বই একমাত্র মাধ্যম। জাতীয় পর্যায়ে এ বইমেলা মাতৃভাষাকে আরো শ্রদ্ধার আসনে আসীন করবে এবং জ্ঞান চর্চায় সবাইকে উদ্বুদ্ধ করবে বলে আমি মনে করি।'

86